

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-২ শাখা  
Website: www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০৮৫.০১৮.০৮.২০১৭-১৬৬

তারিখঃ ২০/৩/২০১৭ খ্রিঃ

বিষয় : ঢাকাসহ সবুজবাগ থানার আওতাধীন পূর্ব বাসাবো হতে কদমতলা পর্যন্ত প্রায় ১৬০০ ফুট বক্স কালভার্ট নির্মাণ সমাপ্তকরণ প্রসংগে।


সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০৮২.০৪৬.০০.০০.০১২.২০১৭-২৩১, তারিখঃ ২৭/২/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকাসহ সবুজবাগ থানার আওতাধীন পূর্ব বাসাবো হতে কদমতলা পর্যন্ত প্রায় ১৬০০ ফুট বক্স কালভার্ট এর অসমাপ্ত নির্মাণ কাজ সমাপ্তকরণের বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে একটি আবেদনপত্র দাখিল করা হয়। উক্ত আবেদনে জানানো হয় যে, ঢাকা ওয়াসা দুই যুগ পূর্বে সবুজবাগ থানার আওতাধীন পূর্ব বাসাবো হতে কদমতলা পর্যন্ত বক্স কালভার্ট নির্মাণের পরিকল্পনা গ্রহণ করে। গত তিন বছর পূর্বে ঢাকা ওয়াসা উক্ত বক্স কালভার্ট নির্মাণ কাজ শুরু করে এখনও সমাপ্ত করেনি। এর ফলে উন্মুক্ত খালের কারণে এলাকায় দুর্গন্ধ, মশা-মাছির উৎপাত এবং জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে। জমির মালিকগণ কোন অবকাঠামো নির্মাণ করতে পারছেন না। খালের মধ্যে পড়ে শিশু-বৃদ্ধসহ অনেকেই আহত হচ্ছে, এমনকি গত তিন মাস আগে একটি শিশু মারা গেছে মর্মে উল্লেখ করা হয়েছে। এলাকার সার্বিক নিরাপত্তার জন্য বক্স কালভার্টের অবশিষ্ট নির্মাণ কাজ সমাপ্ত করার জন্য অনুরোধ করা হয়েছে। আবেদনের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় হতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, ঢাকাসহ সবুজবাগ থানার আওতাধীন পূর্ব বাসাবো হতে কদমতলা পর্যন্ত প্রায় ১৬০০ ফুট বক্স কালভার্ট এর অসমাপ্ত নির্মাণ কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করে স্থানীয় সরকার বিভাগে প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে ১২ ফর্দ।

ব্যবস্থাপনা পরিচালক  
ঢাকা ওয়াসা, ঢাকা।

  
Pmt/20/06/17  
(ড. কে এম কামরুজ্জামান সেলিম)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৩৭০  
e-mail: watersupply\_02@yahoo.com

অনুলিপিঃ (সদয় অবগতি ও কার্যার্থে)

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দৃঃ আঃ পরিচালক, প্রশাসন)।
- ২। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।